গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সাম্প্রতিক বছরসমূহে (২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪) কোম্পানি প্রায় ৬৫১.৫৪ বিসিএফ গ্যাস এবং গ্যাসের উপজাত হিসেবে প্রায় ৭২.৩৬ মিলিয়ন লিটার কনডেনসেট উৎপাদন করেছে। বিগত ৩ বছরে সরকারের গৃহীত পরিকল্পনার আওতায় সাময়িকভাবে বন্ধ ১টি কূপ (তিতাস-২৪) ওয়ার্কওভারের মাধ্যমে কূপসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণসহ ০৯-০৬-২০২৩ তারিখ হতে দৈনিক ৮.৫ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদন করে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ বৃদ্ধি অব্যাহত রাখা হয়েছে। কোম্পানির নিজস্ব ও জিডিএফ অর্থায়নে ১টি প্রকল্পের আওতায় তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার করা হবে। তন্মধ্যে, সাময়িকভাবে বন্ধ ১টি কূপ (তিতাস-১৪) ওয়ার্কওভারের মাধ্যমে কূপসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণসহ ২৫-০৫-২০২৪ তারিখ হতে দৈনিক ১১ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদন করে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ বৃদ্ধি অব্যাহত রাখা হয়েছে। তিতাস ফিল্ডের লোকেশন-এ ও লোকেশন-এফ এর কূপসমূহ হতে উৎপাদিত গ্যাস জাতীয় গ্রিডের চাপের সাথে সমন্বয় রেখে সরবরাহের লক্ষ্যে তিতাস ফিল্ডের লোকেশন-এ তে ইপিসি ঠিকাদারের মাধ্যমে ০১-০২-২০২৩ তারিখে ৭টি ওয়েলহেড কম্প্রেসর স্থাপন করা হয়েছে। তিতাস ফিল্ডের লোকেশন-ই ও জি এর কূপসমূহ হতে উৎপাদিত গ্যাস জাতীয় গ্রিডের চাপের সাথে সমন্বয় রেখে সরবরাহের লক্ষ্যে কম্প্রেসর স্থাপনের জন্য ১২-১০-২০২২ তারিখে ইপিসি ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। ইপিসি ঠিকাদারের অনুকূলে ০৯-১১-২০২৩ তারিখে Goods এর জন্য এবং ০৮-০১-২০২৪ তারিখে Service এর জন্য ঋণপত্র স্থাপন করা হয়েছে যা প্রকল্পের মোট বাস্তব কাজের প্রায় ৩১.৮০% অগ্রগতি অর্জন। দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোট ৩৯ জন কর্মকর্তাকে বৈদেশিক প্রশিক্ষণ এবং ১৭৭৩ জন কর্মকর্তা ও কর্মচারীকে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের নিমিত্ত ক্রমাগত গ্যাস উৎপাদনের দরূন কোম্পানির বিভিন্ন ফিল্ডের গ্যাস রিজার্ভ ক্রমাগত হ্রাস পাচ্ছে। যার ফলে রিজার্ভয়ার প্রেসার হ্রাস জনিত কারনে কূপসমূহের ওয়েলহেড প্রেসার হ্রাস পাওয়ায় জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহে সমস্যার সৃষ্টি হচ্ছে। এছাড়াও, পুরাতন কূপসমূহে কারিগরী ত্রুটির উদ্ভাবনসহ নানাবিধ ঝুকির সম্ভাবনা বৃদ্ধি পাচ্ছে। এ অবস্থায় কম্প্রেসর স্থাপনের মাধ্যমে জাতীয় গ্রিডের চাপের সাথে সমন্বয় রেখে এবং নতুন কূপ খনন ও ওয়ার্কওভারের মাধ্যমে কূপসমূহের নিরাপত্তা নিশ্চিত করে গ্যাস উৎপাদন অব্যাহত রাখা একটি বড় ধরনের চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

রূপকল্প-২০৪১, এসডিজি এবং ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১টি প্রকল্পের আওতায় জুন ২০২৫ সময়ের মধ্যে তিতাস ফিল্ডের লোকেশন-ই তে ৩টি এবং লোকেশন-জি তে ৩টিসহ মোট ৬টি ওয়েলহেড কম্প্রেসর স্থাপনের মাধ্যমে জাতীয় গ্রিডের চাপের সাথে সমন্বয় রেখে গ্যাস সরবরাহ অব্যাহত রাখা হবে। কোম্পানির নিজস্ব ও জিডিএফ অর্থায়নে ১টি প্রকল্পের আওতায় তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার অন্তর্ভূক্ত আছে। এছাড়া ডিসেম্বর ২০২৬ এর মধ্যে তিতাস ফিল্ডে ৩টি এবং কামতা ফিল্ডে ১টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খননের পরিকল্পনা রয়েছে। ডিসেম্বর ২০২৬ এর মধ্যে হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ পরিচালন করার পরিকল্পনা রয়েছে। তাছাড়াও জুলাই ২০২৫ এর মধ্যে তিতাস ফিল্ডে ১টি অনুসন্ধান কূপ (ডিপ ওয়েল) খনন করার পরিকল্পনা রয়েছে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- কূপসমূহ হতে গ্যাস উৎপাদন - ১৮০ বিসিএফ।
- গ্যাসের উপজাত হিসেবে কনডেনসেট উৎপাদন - ২০ মিলিয়ন লিটার।
- মানবসম্পদ উন্নয়ন - ৪০০ জন।
- ওয়ার্কওভারকৃত কূপ - ৩ টি।
- খননকৃত কূপ - ১টি।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন-এর মধ্যে ২০২৪ সালের ...জুন... মাসের ...২৭... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

কৌশলগতভাবে প্রাকৃতিক গ্যাস এবং এর উপজাত হিসেবে কনডেনসেট উৎপাদনে মুখ্য ভূমিকা পালন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

নতুন কূপ খনন/বিদ্যমান কূপ ওয়ার্কওভারের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধি/অব্যাহত রাখা; গ্যাস গ্যাদারিং পাইপ লাইন ও কনডেনসেট স্টোরেজ ট্যাংক এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিং; ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিং জোরদার; কম্প্রেসরসহ প্রসেসিং স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণ ও যুগোপযোগীকরণের মাধ্যমে নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহ বজায় রাখা এবং নতুন প্রযুক্তিগত জ্ঞান আহরণের মাধ্যমে দক্ষ জনবল তৈরি।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. জ্বালানির উৎপাদন

২. দক্ষ, আধুনিক ও স্মার্ট ব্যবস্থাপনা

৩. জ্বালানির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কূপ খনন ও ওয়ার্কওভার কার্যক্রম

৪. পাইপ লাইন ও কনডেনসেট স্টোরেজ ট্যাংক এর সেফটি শক্তিশালীকরণ এবং ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিং জোরদার

৫. গ্যাস সঞ্চালন লাইনের চাপের সাথে সমন্বয় রেখে গ্যাস সরবরাহ অব্যাহত

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কোম্পানির ফিল্ডসমূহ হতে নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ;

২. সরকারের গৃহীত পরিকল্পনার আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণের মাধ্যমে বিদ্যমান গ্যাস উৎপাদন নিশ্চিতকরণ তথা গ্যাস উৎপাদন বৃদ্ধিকরণ;

৩. বিভিন্ন ফিল্ডের কূপসমূহের ওয়েলহেড চাপ ক্রমাগত হ্রাস পাওয়ায় গ্যাস সঞ্চালন লাইনের চাপের সাথে সমন্বয় রেখে গ্যাস সরবরাহের লক্ষ্যে সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ;

৪. বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় বিদ্যমান গ্যাস উৎপাদন নিশ্চিতকরণ তথা গ্যাস উৎপাদন বৃদ্ধির মাধ্যমে আর্থিক শৃঙ্খলা ও হিসাব ব্যবস্থাপনা বজায় রেখে কোম্পানির আর্থিক অবস্থা শক্তিশালীকরণ;

৫. বিদ্যমান জনবলকে প্রশিক্ষণ দানের মাধ্যমে গ্যাস উৎপাদন ও প্রক্রিয়াকরণে; গ্যাস গ্যাদারিং পাইপ লাইন ও কনডেনসেট স্টোরেজ ট্যাংক এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিং-এ; ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিং জোরদারে ; কম্প্রেসর পরিচালনা ও রক্ষণাবেক্ষণে ; ক্রয় কার্যক্রম ও ব্যবস্থাপনা এবং প্রকল্প বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধিকরণ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| মাথাপিছু অনবায়নযোগ্য জ্বালানি উৎপাদন | মাথাপিছু গ্যাস ব্যবহার | সমতুল্য কি.গ্রা. তৈল | ৩১.৯৩ | ২৯.৬৪ | ২৬.৮১ | ২৮.০৭ | ২৮.৩৬ | বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও পেট্রোবাংলা | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| | মাথাপিছু কনডেনসেট ব্যবহার | সমতুল্য কি.গ্রা. তৈল | ০.১২ | ০.১৩ | ০.১০ | ০.১১ | ০.১১ | বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও পেট্রোবাংলা | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] জ্বালানির উৎপাদন | ২০ | [১.১] কূপসমূহ হতে গ্যাস উৎপাদন | [১.১.১] উৎপাদিত গ্যাস | সমষ্টি | বিসিএফ | ১৬ | ২১৮.৬৮ | ২০৫ | ১৮০ | ১৭৫ | | | | ১৯৮ | ২০২ |
| | | [১.২] গ্যাসের উপজাত হিসেবে কনডেনসেট উৎপাদন | [১.২.১] উৎপাদিত কনডেনসেট | সমষ্টি | মিলিয়ন লিটার | ৪ | ২২.৯৭ | ২৫ | ২০ | ১৮ | | | | ২২ | ২২.৫ |
| [২] দক্ষ, আধুনিক ও স্মার্ট ব্যবস্থাপনা | ১৫ | [২.১] মানবসম্পদ উন্নয়ন | [২.১.১] প্রশিক্ষিত জনবল | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬১২ | ৩৮০ | ৪০০ | ৩৮০ | | | | ৪২০ | ৪৪০ |
| | | [২.২] অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালন | [২.২.১] অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ৪ | ৪ | ৩ | | | | ৫ | ৫ |
| | | [২.৩] গ্যাস প্রোডাকশন ক্যালকুলেশন এন্ড অটোমেটিক রিপোর্ট জেনারেশন | [২.৩.১] গ্যাস প্রোডাকশন ক্যালকুলেশন অটোমাইজেশন | তারিখ | তারিখ | ৫ | | | ৩০.০৫.২৫ | ১৫.০৬.২৫ | | | | | |
| [৩] জ্বালানির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কূপ খনন ও ওয়ার্কওভার কার্যক্রম | ১৫ | [৩.১] মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন | [৩.১.১] খননকৃত কূপ | সমষ্টি | সংখ্যা | ৬ | | | ১ | ১ | | | | ২ | ১ |
| | | [৩.২] কূপের ওয়ার্কওভার | [৩.২.১] ওয়ার্কওভারকৃত কূপ | সমষ্টি | সংখ্যা | ৯ | | | ৩ | ২ | | | | ৪ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] পাইপ লাইন ও কনডেনসেট স্টোরেজ ট্যাংক এর সেফটি শক্তিশালীকরণ এবং ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিং জোরদার | ১৫ | [৪.১] গ্যাস গ্যাদারিং পাইপলাইন এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিং | [৪.১.১] গ্যাস গ্যাদারিং পাইপলাইন এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিংকৃত | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৫ | ৪ | | | | | |
| | | [৪.২] কনডেনসেট ট্যাংক এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিং | [৪.২.১] কনডেনসেট ট্যাংক এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিংকৃত | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৫ | ৪ | | | | | |
| | | [৪.৩] ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিং | [৪.৩.১] সকল ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিংকৃত | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৫ | ৪ | | | | | |
| [৫] গ্যাস সঞ্চালন লাইনের চাপের সাথে সমন্বয় রেখে গ্যাস সরবরাহ অব্যাহত | ৫ | [৫.১] তিতাস লোকেশন-ই এবং জি তে ৬টি ওয়েলহেড কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় পূর্ত নির্মাণ কাজ সম্পন্ন | [৫.১.১] কন্ট্রোল বিল্ডিং, জেনারেটর রুম, কম্প্রেসর এন্ড প্লান্ট ইক্যুইপমেন্ট এর ফাউন্ডেশন এর পূর্ত কাজ নির্মাণ এবং কনডেনসেট ট্যাংক প্রতিস্থাপন | তারিখ | তারিখ | ৫ | | | ১৫.০৫.২৫ | ১৫.০৬.২৫ | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড, চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড | ২৯/৫/২০২৪<br>তারিখ |
| চেয়ারম্যান<br>বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন | ২৯/৫/২০২৪<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ইপিসি | ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এন্ড কনস্ট্রাকশন |
| ২ | এআইআইবি | এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক |
| ৩ | এডিবি | এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক |
| ৪ | এপিএ | অ্যানুয়াল পারফরম্যান্স এগ্রিমেন্ট |
| ৫ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৬ | এমএমসিএফ | মিলিয়ন কিউবিক ফুট |
| ৭ | এসডিজি | সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল |
| ৮ | জিওবি | গভার্নমেন্ট অব বাংলাদেশ |
| ৯ | জিটিসিএল | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড |
| ১০ | জিডিএফ | গ্যাস ডেভেলপমেন্ট ফান্ড |
| ১১ | জেজিটিডিএসএল | জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড |
| ১২ | টিজিটিডিসিএল | তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড |
| ১৩ | বর্গ কি.মি. | বর্গ কিলোমিটার |
| ১৪ | বাপেক্স | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড |
| ১৫ | বিজিএফসিএল | বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড |
| ১৬ | বিজিডিসিএল | বাখরাবাদ গ্যাস ডিসট্রিবিউশন কোম্পানী লিমিটেড |
| ১৭ | বিসিএফ | বিলিয়ন কিউবিক ফুট |
| ১৮ | মি.লি. | মিলিয়ন লিটার |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] কূপসমূহ হতে গ্যাস উৎপাদন | [১.১.১] উৎপাদিত গ্যাস | অপারেশন ডিভিশন, বিজিএফসিএল | এমআইএস প্রতিবেদন/ সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |
| [১.২] গ্যাসের উপজাত হিসেবে কনডেনসেট উৎপাদন | [১.২.১] উৎপাদিত কনডেনসেট | অপারেশন ডিভিশন, বিজিএফসিএল | এমআইএস প্রতিবেদন/ সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |
| [২.১] মানবসম্পদ উন্নয়ন | [২.১.১] প্রশিক্ষিত জনবল | প্রশাসন ডিভিশন, বিজিএফসিএল | অফিস আদেশ/অভ্যন্তরীণ স্মারকলিপি/প্রশিক্ষণার্থীর তালিকা |
| [২.২] অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালন | [২.২.১] অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালিত | প্রশাসন ডিভিশন, বিজিএফসিএল | অফিস আদেশ/অভ্যন্তরীণ স্মারকলিপি/প্রশিক্ষণার্থীর তালিকা |
| [২.৩] গ্যাস প্রোডাকশন ক্যালকুলেশন এন্ড অটোমেটিক রিপোর্ট জেনারেশন | [২.৩.১] গ্যাস প্রোডাকশন ক্যালকুলেশন অটোমাইজেশন | অপারেশন ডিভিশন, বিজিএফসিএল | প্রত্যয়নপত্র/সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |
| [৩.১] মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন | [৩.১.১] খননকৃত কূপ | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, বিজিএফসিএল | প্রত্যয়নপত্র/সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |
| [৩.২] কূপের ওয়ার্কওভার | [৩.২.১] ওয়ার্কওভারকৃত কূপ | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, বিজিএফসিএল | প্রত্যয়নপত্র/সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |
| [৪.১] গ্যাস গ্যাদারিং পাইপলাইন এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিং | [৪.১.১] গ্যাস গ্যাদারিং পাইপলাইন এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিংকৃত | অপারেশন ডিভিশন, বিজিএফসিএল | প্রত্যয়নপত্র/সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |
| [৪.২] কনডেনসেট ট্যাংক এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিং | [৪.২.১] কনডেনসেট ট্যাংক এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিংকৃত | অপারেশন ডিভিশন, বিজিএফসিএল | প্রত্যয়নপত্র/সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |
| [৪.৩] ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিং | [৪.৩.১] সকল ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিংকৃত | কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন ও মেইনটেন্যান্স এন্ড আইসিটি ডিভিশন, বিজিএফসিএল | প্রত্যয়নপত্র/সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |
| [৫.১] তিতাস লোকেশন-ই এবং জি তে ৬টি ওয়েলহেড কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় পূর্ত নির্মাণ কাজ সম্পন্ন | [৫.১.১] কন্ট্রোল বিল্ডিং, জেনারেটর রুম, কম্প্রেসর এন্ড প্লান্ট ইক্যুইপমেন্ট এর ফাউন্ডেশন এর পূর্ত কাজ নির্মাণ এবং কনডেনসেট ট্যাংক প্রতিস্থাপন | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, বিজিএফসিএল | প্রত্যয়নপত্র/সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| কূপসমূহ হতে গ্যাস উৎপাদন | উৎপাদিত গ্যাস | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, টিজিটিডিসিএল, জিটিসিএল, জেজিটিডিএসএল | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি), ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| গ্যাসের উপজাত হিসেবে কনডেনসেট উৎপাদন | উৎপাদিত কনডেনসেট | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেড, অ্যাকোয়া রিফাইনারি লিমিটেড | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| মানবসম্পদ উন্নয়ন | প্রশিক্ষিত জনবল | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালন | অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালিত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| গ্যাস প্রোডাকশন ক্যালকুলেশন এন্ড অটোমেটিক রিপোর্ট জেনারেশন | গ্যাস প্রোডাকশন ক্যালকুলেশন অটোমাইজেশন | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিজিএফসিএল | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন | খননকৃত কূপ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিজিএফসিএল | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| কূপের ওয়ার্কওভার | ওয়ার্কওভারকৃত কূপ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিজিএফসিএল | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| গ্যাস গ্যাদারিং পাইপলাইন এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিং | গ্যাস গ্যাদারিং পাইপলাইন এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিংকৃত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিজিএফসিএল | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| কনডেনসেট ট্যাংক এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিং | কনডেনসেট ট্যাংক এর ক্যাথডিক প্রোটেকশন মনিটরিংকৃত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিজিএফসিএল | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিং | সকল ফিল্ড/স্থাপনার Earthing System মনিটরিংকৃত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিজিএফসিএল | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |
| তিতাস লোকেশন-ই এবং জি তে ৬টি ওয়েলহেড কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় পূর্ত নির্মাণ কাজ সম্পন্ন | কন্ট্রোল বিল্ডিং, জেনারেটর রুম, কম্প্রেসর এন্ড প্লান্ট ইক্যুইপমেন্ট এর ফাউন্ডেশন এর পূর্ত কাজ নির্মাণ এবং কনডেনসেট ট্যাংক প্রতিস্থাপন | ইপিসি ঠিকাদারী প্রতিষ্ঠান | পত্র যোগাযোগ, টেলি-যোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি),ই-নথি, ই-মেইল ইত্যাদি |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ